ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২০৪০
বিলোনীয়া, ৩১ জুলাই, ২০২৫

**ভারতচন্দ্র নগর ব্লকের বিভিন্ন স্থানে জল পরিশোধন যন্ত্র বসানোর উদ্যোগ**

ভারতচন্দ্র নগর ব্লকের বিভিন্ন স্থানে চলতি অর্থবছরে পঞ্চদশ অর্থ কমিশনের অর্থে পরিশোধিত পানীয়জল প্রদানের লক্ষ্যে কুলার সহ ২০০ এল পি এইচ ক্ষমতাসম্পন্ন জল পরিশোধনের যন্ত্র বসানো হবে। এগুলি বসানো হবে পূর্ব কলাবাড়িয়া পঞ্চায়েতের কমিউনিটি হলে, লক্ষীপুর পঞ্চায়েত অফিসে, লক্ষিপুর পঞ্চায়েতের গর্জানিয়া পাড়ার নতুন লোকনাথ আশ্রমে, সুকান্তনগর পঞ্চায়েতের উপস্বাস্থ্য কেন্দ্রে এবং পূর্ব পিপারিয়াখলা পঞ্চায়েতের কালিকুমার রোয়াজা পাড়া জে বি স্কুলে। প্রতিটির ক্ষেত্রে ব্যয় হবে ৬০ হাজার টাকা করে। ভারত চন্দ্রনগর ব্লক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****